EGT-D-BNG

বাংলা / BENGALI

প্রশ্নপত্র II / Paper II

(সাহিত্য) / (LITERATURE)

সময় : 3 ঘন্টা Time Allowed : **Three** Hours	পূর্ণাঙ্ক : **250** Maximum Marks : **250**

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :

*প্রশ্নপত্রের **দুটি ভাগে** সর্বসমেত **আটটি** (8) প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি** (5) প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম** (1) এবং **পঞ্চম** (5) প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি** (3) দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।*

প্রতিটি প্রশ্ন/প্রশ্নোংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।

*উত্তরগুলি **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।*

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিস্কারভাবে কেটে দিতে হবে ।

Question Paper Specific Instructions

Please read each of the following instructions carefully before attempting questions :

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** question from each section.*

The number of marks carried by a question/part is indicated against it.

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Optional Province · optionalprovince.com

SECTION A

Q1. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) : *10×5=50*

(a) "সে না কথা না শুনিব করি অনুমান ।
পরসঙ্গ শুনিতে আপনি যায় কান ।।
ধিক্ রহু এ ছাড় ইন্দ্রিয় মোর সব ।
সদা সে কালিয়া কানু হয় অনুভব ।।" *10*

(b) "মহাভাবচিন্তামণি রাধার স্বরূপ ।
ললিতাদি সখী তাঁর কায়ব্যূহস্বরূপ ।।" *10*

(c) "আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি
দশ দিশ !" *10*

(d) "তুমি অধম – তাই বলিয়া আমি উত্তম না হইব কেন ?" *10*

(e) "দেবতারে যাহা দিতে পারি, দিই তাই
প্রিয়জনে-প্রিয়জনে যাহা দিতে পাই
তাই দিই দেবতারে; আর পাব কোথা !
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা ।" *10*

Q2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) মাথুর কী ? বৈষ্ণব সাহিত্য 'মাথুর'-এর সংজ্ঞা নিরূপণ করুন । এবং এই রস পর্যায়ের তাৎপর্য নির্ণয় করে শ্রেষ্ট পদকর্তার কৃতিত্ব বিচার করুন । *20*

(b) 'সাধ্যসাধনতত্ত্ব' বলতে কি বোঝানো হয়েছে ? চৈতন্য ও রায় রামানন্দের পারস্পরিক কথোপকথনের মাধ্যমে 'সাধ্যসাধনতত্ত্ব'-এর যে রূপ ফুটে উঠেছে, তার পরিচয় দিন । *15*

(c) 'চণ্ডীমঙ্গল' কাব্যে লোক ঐতিহ্যের যেভাবে প্রয়োগ ঘটেছে তার স্বরূপ বুঝিয়ে কবি মুকুন্দের কৃতিত্ব বিচার করুন । *15*

Optional Province · optionalprovince.com

Q3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'মেঘনাদবধ কাব্য' কোন শ্রেণীর মহাকাব্য তা যুক্তির আলোকে বিশ্লেষণ করুন । *15*

(b) ভ্রাতুষ্পুত্রীকে উদ্দেশ্য করে লেখা হলেও 'ছিন্নপত্রাবলী'-র চিঠিগুলি স্বতন্ত্র সাহিত্যের মর্যাদা পেতে পারে কি না – যুক্তি দিয়ে বিচার করুন । *15*

(c) বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবি উপাখ্যানের গুরুত্ব বিচার করুন । এই প্রসঙ্গে 'কপালকুণ্ডলা'-র পরিণতিতে লৌকিক বিশ্বাস-সংস্কারের কোনো ভূমিকা আছে কি না – যুক্তিসহ বিশ্লেষণ করুন । *20*

Q4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' প্রবন্ধে বৈষম্যজালে আচ্ছন্ন সমাজের যে বাস্তব চিত্র তুলে ধরেছেন, তার স্বরূপ বিবৃত করুন । *15*

(b) 'চারি দিক হতে আজি
অবিশ্রাম কর্ণে মোর উঠিতেছে বাজি
সেই বিশ্ব-মর্মভেদী করুণ ক্রন্দন
মোর কন্যা কণ্ঠস্বরে ।'

— চার বছরের কন্যার কণ্ঠের তিনটি মাত্র শব্দ 'যেতে নাহি দিব' যে দার্শনিকতায় পৌঁছে দিয়েছে তা 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'যেতে নাহি দিব' কবিতা অবলম্বনে লিপিবদ্ধ করুন । *20*

(c) 'হৃদে বিষ মুখে মধু, জিজ্ঞাসে ফুল্লরা' — ফুল্লরার এমন জটিল মনঃস্থিতির সার্থক রূপায়ণের মধ্যে, দিয়ে মধ্যযুগের কবি মুকুন্দ চক্রবর্তী আধুনিক যুগযন্ত্রণার পূর্বাভাষ দিয়েছেন বলে কি মনে করেন ? আলোচনা করুন । *15*

Optional Province · optionalprovince.com

SECTION B

Q5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) : *10×5=50*

(a) 'বাতাস নিয়ে যায় মেঘকে, সেটাকে যদি দোষ মনে কর, খবর নাও বাতাসকে কে দিয়েছে ঠেলা ।' *10*

(b) 'সকাল থেকে কেউ বা থাকে বসে,

কেউ-বা গাড়ি ফেল্ করে তার

শেষ মিনিটের দোষে ।' *10*

(c) 'আশ্রমই বল আর আশ্রয়ই বল, সে যে তার কোথায়, এ খবর সেজদিকে আমি দিতে পারব, কিন্তু সে ত তোমারই দেওয়া হবে ।' *10*

(d) 'সৃষ্টির মনের কথা মনে হয় – দ্বেষ ।' *10*

(e) 'শিকড়ের মুঠো মেলে গাছ মাটির নীচে হরণ-শোষণের কাজ করে, সেখানে তো ফুল ফোটায় না । ফুল ফোটে উপরের ডালে আকাশের দিকে । ওগো রক্তকরবী, আমাদের মাটির তলাকার খবর নিতে এসো না, উপরের হাওয়ায় তোমার দোল দেখব বলে তাকিয়ে আছি ।' *10*

Q6. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'যক্ষপুরী', 'নন্দিনী' না 'রক্তকরবী' ? — 'রক্তকরবী নাটকের কোন নামটি যথাযথ মনে করেন, যুক্তিসহ লিখুন । *20*

(b) সমসাময়িক বিশ্বরাজনীতিকে রবীন্দ্রনাথ যেমন করে দেখেছেন, তার প্রকাশ 'নবজাতক'-এর বেশ কিছু কবিতায় ধরা পড়েছে । — 'নবজাতক' কাব্য অবলম্বনে কবির সেই বিশ্বরাজনীতি ভাবনার পরিচয় দিন । *15*

(c) অচলা কেন্দ্রীয় নারী চরিত্র হতে পারে, কিন্তু মৃণাল ব্যতীত 'গৃহদাহ' সার্থকতা পায় না । — উপন্যাসে মৃণালের ভূমিকা আলোচনা করুন । *15*

Optional Province · optionalprovince.com

Q7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'এই নবসাহিত্য রাজধর্ম ত্যাগ করে গণধর্ম অবলম্বন করছে ।' — 'বঙ্গ সাহিত্যের নবযুগ' প্রবন্ধ অবলম্বনে সাহিত্যের এই গণতন্ত্রীকরণ বাংলা সাহিত্যের পক্ষে কতটা মঙ্গলজনক, তা বিচার করুন । *15*

(b) 'আরণ্যক' উপন্যাসে প্রতিফলিত বিভূতিভূষণের নিম্নবর্গ-ভাবনার পরিচয় দিন । *15*

(c) 'হয়তো ওই চাঁদ আর এই পৃথিবীর ইতিহাস আছে । কিন্তু যে ধারাবাহিক অন্ধকার মাতৃগর্ভ হইতে সংগ্রহ করিয়া ভিখু ও পাঁচী পৃথিবীতে আসিয়াছিল এবং যে অন্ধকার তাহারা সন্তানের মাংসল আবেষ্টনীর মধ্যে গোপন রাখিয়া যাইবে তাহা প্রাগৈতিহাসিক' — এই অন্ধকার, 'প্রাগৈতিহাসিক' থেকে 'সরীসৃপ'-এর চারু-পরী-বনমালীর মধ্যেও কীভাবে সঞ্চারিত হয়ে যায়, তা দেখান । *20*

Q8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'মাথার ভিতরে

স্বপ্ন নয় – প্রেম নয় – কোনো এক বোধ কাজ করে ।'

— এই 'বোধ'-ই 'আট বছর আগের একদিন' কবিতার 'বিপন্ন বিস্ময়' এর উৎস কি না, কবিতা দুটি বিশ্লেষণের মাধ্যমে বুঝিয়ে দিন । *20*

(b) রাজনীতি মূল বিষয় হলেও উপস্থাপনা ভঙ্গিতে 'জাগরী'-কে মনস্তাত্ত্বিক উপন্যাস বলা যায় কি না যুক্তিসহ আপনার অভিমত ব্যক্ত করুন । *15*

(c) গান এবং কবিতা 'এবং ইন্দ্রজিৎ' নাটকের প্রাণ । — নাট্যকারের লক্ষ্য পূরণে এ দুটি বিষয় কেমন কার্যকরী ভূমিকা নিয়েছে নাটকটি অবলম্বনে বুঝিয়ে দিন । *15*

Optional Province · optionalprovince.com